# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৩৬

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْهُ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْعَتُ الزَّيْتَ وَالْوَرْسَ مِنْ ذَاتِ الْجَنْبِ. رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৪৫৩৬-[২৩] উক্ত রাবী [যায়দ ইবনু আরকাম (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাঁজরে ব্যথার রোগের চিকিৎসায় যায়তূনের তেল এবং ওয়ারস ঘাস ব্যবহার করার উপদেশ দিতেন। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২০৭৮, ইবনু মাজাহ ৩৪৬৭।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘মায়মূন ‘আব্দ ‘আবদুল্লাহ’’ নামক বর্ণনাকারী, যিনি য‘ঈফ। দেখুন- হিদায়াতুর্ রুওয়াত ৪/২৭১, হাঃ ৪৪৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ ভাষাবিদ আবূ হানীফাহ্ (রহিমাহুল্লাহ) বলেনঃ ওয়ার্স ঘাস চাষাবাদ করতে হয়, তা উন্মুক্তভাবে হয় না। এটি ‘আরবদেশ ব্যতীত অন্য দেশে পাওয়া যায়- এ কথা আমার জানা নেই। আরব দেশের সর্বত্রই এটি পাওয়া যায় না কেবল ইয়ামানে ছাড়া। এটি গরম ও শুষ্ক এলাকায় ভালো জন্মে। এ ঘাসটি লাল, নরম ও কম আবর্জনাসহ জন্মে। এটি দাগ, চুলকানি ও শরীরের বহির্ভাগে উদিত ফোড়া, পাঁচড়া ও যাবতীয় ফুসকুড়ির জন্য খুবই উপকারী। এটি রং করার জন্য একটি আদর্শ ঘাস। এটা- রস করে পান করলে উজ্জ্বল হওয়ার জন্য উপকার পাওয়া যায়। এ ঘাস রস করার পরিমাণ হলো এক দিরহাম। উপকারের দিক দিয়ে এটি চন্দন কাঠের সমপর্যায়ের। (তুহফাতুল

আহওয়াযী ৫ম খন্ড, হাঃ ৪৫৩৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু আরক্বাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন